ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ
# সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ভারতে প্রথমবার ভোট দিলেন অক্ষয়
পৃঃ ৫



আগামী আইপিএলেও খেলবেন ধোনি?
পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৩ সংখ্যা ঃ ১৪১ ● কলকাতা ● ১১ জ্যৈষ্ঠ, ১৪৩১ ● শনিবার ● ২৫ মে, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

### ষষ্ঠ দফা ৮টি আসনের জন্য
## ৯১৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন হয়েছে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শনিবার ষষ্ঠ দফার ভোট বাংলায়। এই দফায় নির্বাচন কমিশন যে সংখ্যায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করেছে, তা চোখে পড়ার মতো বললে খুবই কমই বলা হবে। বরং এক কথায় তা বেনজির। বাংলায় এখনও পর্যন্ত কোনও নির্বাচনে ৮টি আসনের জন্য ৯১৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়নি।পর্যবেক্ষকদের মতে, এক সঙ্গে ৯১৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা গোটা দেশেও কোথাও স্মরণকালে হয়নি। পঞ্চায়েত ভোটের সময়ে কলকাতা হাইকোর্ট ন্যূনতম ৮০০ কোম্পানি বাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছিল। কিন্তু উচ্চ আদালতের সেই নির্দেশ পালন করতে গিয়ে কার্যত নাকানিচোবানি খেয়ে যায়

এরপর ৩ পাতায়

### রাজভবন কাণ্ডে বিরাট নির্দেশ দিল
## কলকাতা হাই কোর্ট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লোকসভা ভোটের আগে রাজ্যের অন্যতম 'জ্বলন্ত ইস্যু' হয়ে উঠেছে রাজভবন কাণ্ড। খোদ রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ এনেছিলেন রাজভবনের অস্থায়ী এক মহিলাকর্মী। তা নিয়ে বিস্তর জলঘোলা হয়েছে। এবার এই কাণ্ডেই নয়া মোড়। বিরাট নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট ।এদিকে মামলাকারীর আইনজীবী রাজদীপ মজুমদার এদিন বলেন, জোর করে ধরে রাখার ধারা একেবারেই প্রযোজ্য নয়। ঘটনা ঘটে যাওয়ার ১৩ দিন পরে কেন অভিযোগ দায়ের করা হল? তা নিয়েও প্রশ্ন করেন তিনি। এমনকি মামলাকারী সম্পূর্ণ ঘটনা সম্বন্ধে অবগত বলে যে দাবি আনা হয়েছে সেটাও অসত্য বলে দাবি করেন আইনজীবী।রাজভবনের অন্দরে অস্থায়ী মহিলা কর্মীর যে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে তা নিয়ে গত কয়েকদিনে বিস্তর চর্চা হয়েছে। রাজভবনের বেশ কয়েকজন কর্মীর বিরুদ্ধে দায়ের করা হয়েছে FIR। ইতিমধ্যেই পুলিশের হাতে সিসিটিভি ফুটেজ তুলে দেওয়া হয়েছে। এবার সেই মামলার তদন্তে হাই কোর্টের তরফ থেকে অন্তর্বর্তী স্থগিতাদেশ দেওয়া হল।

ইতিমধ্যেই পুলিশের হাতে যেহেতু সিসিটিভি ফুটেজ তুলে দেওয়া হয়েছে, সেই কারণে প্রমাণ নষ্ট হওয়ার কোনও সম্ভাবনা নেই, এদিন বলেন বিচারপতি অমৃতা সিনহা ।

এরপর ৩ পাতায়

### কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর,
## কলকাতা মেট্রোকে শক্তি জোগাচ্ছে



**কলকাতা, ২৪ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর সাফল্যের সঙ্গে কলকাতা মেট্রো রেলকে দ্বিতীয় দফায় কোচগুলি তাদের হাতে তুলে দিয়েছে। যা শহরের পরিবহন পরিকাঠামোয় নিঃসন্দেহে আরও গতি সঞ্চার করবে। ২৩ মে বৃহস্পতিবার মেট্রো রেলের ১৬ টি কোচকে অত্যন্ত দক্ষতার সঙ্গে সেগুলিকে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দরে জাহাজ থেকে নামানো হয়। এর প্রত্যেকটির ওজন ৪৮ টন করে।

অত্যাধুনিক এই কোচগুলি তৈরি করেছে ডালিয়ান লোকোমোটিভ এন্ড রোলিং স্টক কোম্পানি। এই কোম্পানি তাদের ইঞ্জিনিয়ারিং দক্ষতা এবং উচ্চ গুণগতমানের জন্য বিশেষভাবে পরিচিত। পানামার এনভি বোসি ৫৮ জাহাজে করে এগুলি ২২ মে কলকাতা শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দরে নেতাজী সুভাষ ডকে পৌঁছায়।

এই উপলক্ষে বন্দরের চেয়ারম্যান রথেন্দ্র রামন তাদের ওপর এই গুরু দায়িত্ব দেওয়ার জন্য পূর্ব রেলকে কৃতজ্ঞতা জানান। সাফলের সঙ্গে এই কাজ নির্বাহ করায় শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর এবং তাদের বাণিজ্যিক অংশীদারদেরও তিনি কৃতজ্ঞতা জানিয়েছেন।

মেট্রো রেলের সম্প্রসারণে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জী বন্দর নিবেদিত এবং তারা সাফল্যের সঙ্গে দায়িত্ব নির্বাহ করে চলেছে। দেশের পূর্বাঞ্চলের সমৃদ্ধি এবং ভারী পরিকাঠামো প্রকল্পের প্রসার ছাড়াও কলকাতাকে এক প্রগতিশীল এবং গতিময় নগর হিসেবে প্রতিষ্ঠিত করার ক্ষেত্রে তাদের দায়বদ্ধতার কথাও শ্রী রামন জানান।

### ক্যানিং সভামঞ্চ থেকে
## আবহাওয়ার পরিস্থিতির বিবরণ দিলেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ধেয়ে আসছে ঘূর্ণিঝড় 'রেমাল'। সতর্কবার্তা জারি করেছে হাওয়া অফিস। সবরকম পরিস্থিতি সামাল দিতে তৈরি নবান্ন। আবহাওয়ার কথা মাথায় রেখে শুক্রবার মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী প্রচারের সময়ও বদল করা হয়। ক্যানিং সভামঞ্চ থেকে আবহাওয়ার পরিস্থিতির বিবরণ দিলেন মমতা।২৬ মে অর্থাৎ রবিবার মূলত উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায় প্রচুর বৃষ্টি হবে। সেইসঙ্গে ৯০ থেকে ১০০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দুই মেদিনীপুর, হাওড়া, হুগলি, নদিয়া, কলকাতায়। এই জেলাগুলিতে জারি লাল সতর্কতা। ওইদিন ভারী বৃষ্টির সম্ভাবনা পূর্ব বর্ধমান, পশ্চিম মেদিনীপুরে। এই দুই জেলায় হলুদ সতর্কতা জারি।

এরপর ৩ পাতায়

### খালি পায়ে কলকাতার রাজপথে
## নামলেন সাধু-সন্তেরা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খালি পায়ে কলকাতার রাজপথে নামলেন সাধু-সন্তেরা। নেতৃত্বে ভারত সেবাশ্রমের বেলডাঙা শাখার অধ্যক্ষ কার্তিক মহারাজ (স্বামী প্রদীপ্তানন্দ)। বাগবাজার থেকে হেঁটে সিমলায় স্বামী বিবেকানন্দের বাড়ির সামনে জড়ো হন সাধু-সন্তেরা। বিবেকানন্দ রোড এবং বিধান সরণির সংযোগস্থল এলাকায় দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্তব্যের সমালোচনা করেন সাধুরা।কার্তিক মহারাজ এবং ভারত সেবাশ্রম সংক্রান্ত ঘটনাপ্রবাহের সূত্রপাত গত শনিবার। ওই দিন হুগলির গোঘাটে একটি নির্বাচনী জনসভায় কার্তিক মহারাজের নাম করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেন, 'সব সাধু সমান হয় না। সব স্বজন সমান হয় না। আমাদের মধ্যেও কি আমরা সবাই সমান? এই যে বহরমপুরের এক জন মহারাজ আছেন। আমি শুনেছি অনেক দিন ধরে, কার্তিক মহারাজ। ভারত সেবাশ্রম সঙ্ঘকে আমি খুব শ্রদ্ধা করতাম। আমার শ্রদ্ধার্ঘ্যের তালিকায় তারা দীর্ঘ দিন ধরে আছে। কিন্তু যে লোকটা বলে, তৃণমূলের এজেন্ট বসতে দেব না, সেই লোকটাকে আমি সাধু বলে মনে করি না। তার কারণ, সে 'ডাইরেক্ট পলিটিক্স' করে দেশটার সর্বনাশ করছে।" এ নিয়ে বিতর্ক শুরু হয়। তার পরেও তৃণমূলনেত্রী জানান, তিনি সব সাধুকে নিয়ে ওই মন্তব্য করেননি। কয়েক জনকে নিয়ে বলেছেন। যাঁদের নিয়ে বলেছেন, তাঁদের মধ্যে এক জন কার্তিক মহারাজ।তাঁদের দাবি, সাধুদের সম্পর্কে বিরূপ মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী। এ জন্য অবিলম্বে তাঁকে ক্ষমা চাইতে হবে। মুখ্যমন্ত্রী যাঁর নাম নিয়ে মন্তব্য করেছিলেন, সেই কার্তিক মহারাজ একই সঙ্গে মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীর এবং মুখ্যমন্ত্রী মমতাকে নিশানা করেন।

কার্তিক মহারাজ মমতাকে নিশানা করে বলেন, "আপনি মুখ্যমন্ত্রী। আপনি পুলিশের কাছ থেকে রিপোর্ট নিন। কোনও বুথে গিয়ে আমাদের কেউ কাউকে বলেছেন যে, আপনি তৃণমূলের, বেরিয়ে যান, এমন একটি প্রমাণ দিন।" তিনি আরও বলেন, "ভারত সেবাশ্রম, রামকৃষ্ণ মিশন এবং ইস্কন সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী যে মন্তব্য করেছেন, তা নিয়ে প্রধানমন্ত্রীও প্রতিক্রিয়া

এরপর ৩ পাতায়

### ২৮ মে থেকে দু'মাসের জন্য
## কলকাতায় জারি হচ্ছে ১৪৪ ধারা





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২৮ মে থেকে দু'মাসের জন্য কলকাতায় জারি হচ্ছে ১৪৪ ধারা! নোটিস জারি করে তেমনটাই জানালেন কলকাতার নগরপাল বিনীত গোয়েল। নগরপাল জানিয়েছেন, 'হিংসাত্মক কর্মসূচির ছক' চলছে কলকাতায়। যার জেরে উত্তপ্ত হয়ে উঠতে পারে বৌবাজার থানা এবং হেয়ার স্ট্রিট থানার অন্তর্গত এলাকাগুলি। গন্ডগোল হতে পারে ধর্মতলার চত্বরেও (কেসি দাস মোড় থেকে ভিক্টোরিয়া হাউসের দিকে আসার রাস্তায়)।অন্য দিকে, বিজেপি সূত্রে খবর, ইতিমধ্যেই তাঁর রোড-শো কোন পথে যাবে, প্রধানমন্ত্রীর দফতরের সঙ্গে আলোচনা সাপেক্ষে তা চূড়ান্ত করে ফেলেছে রাজ্য বিজেপি। মোদীর নিরাপত্তা-সহ অন্যান্য দিক খতিয়ে দেখেই ঠিক হয়েছে যাত্রাপথ। শেষ মুহূর্তে কোনও রদবদল না হলে মঙ্গলবার মোদীর রোড-শো শুরু হবে স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে। শেষ শ্যামবাজার পাঁচ মাথার মোড়ে নেতাজি মূর্তির পাদদেশে। উত্তর কলকাতায় বিধান সরণি এবং বিবেকানন্দ রোডের সংযোগস্থলের অনতিদূরেই স্বামীজির জন্মভিটে। সেখানে স্বামীজির মূর্তিতে মালা দিয়ে শুরু হবে মোদীর যাত্রা। এর পরে বিধান সরণি দিয়েই মোদীর রোড-শো এগিয়ে যাবে শ্যামবাজারের দিকে। ডান দিকে হেদুয়া পার্ক, বাঁ দিকে বেথুন কলেজ এবং স্কুলকে রেখে এগিয়ে যাবেন মোদী। এখানে ডান দিকে অভেদানন্দ রোড ধরে একটু গেলেই আরএসএসের রাজ্য সদর দফতর। তবে সে দিকে যাবে না মোদী-শো। বিধান সরণি ধরে সোজা এগিয়ে যাবে স্টার থিয়েটারের দিকে। হাতিবাগান হয়ে পাঁচ নম্বর রুটের ট্রামলাইন ধরে সোজা শ্যামবাজার।তাই এই দু'মাস কলকাতার ওই নির্দিষ্টি

এরপর ৩ পাতায়



# রবিবারে সুন্দরবনে আঘাত হানতে চলেছে ঘূর্ণিঝড় 'রেমাল' !



**নুরসেলিম লস্কর, বাসন্তী : নিউজ সারাদিন :** আম্ফান, ইয়াস ও বিধ্বংসী আইলার স্মৃতি উস্কে আগামী রবিবার সুন্দরবনে আঘাত হানতে চলেছে আরোএক বিধ্বংসী ঘূর্ণিঝড় 'রেমাল'! ২০২০ সালের ২০মে আম্ফান ও ২০২১ সালের ২৬মে ইয়াস বিধ্বংসী রূপ নিয়ে আছড়ে পড়েছিল দুই চব্বিশ পরগনার অন্তর্গত সুন্দরবন উপকূলবর্তী এলাকায়। আর তার প্রায় বছর দশেক আগে ২০০৯ সালে প্রায় একই সময়ে পশ্চিমবঙ্গ সহ বাংলাদেশ উপকূলেও তীব্র গতিতে আছড়ে পড়েছিল ভয়ংকর ঘূর্ণিঝড় 'আইলা'। আর বছরে বছরে হওয়া এই ঘূর্ণিঝড় গুলির ধাক্কায় ব্যাপক ক্ষয়ক্ষতি থেকে শুরু করে প্রাণহানি মতো ঘটনাও ঘটে ছিল সুন্দরবন সহ এরাজ্যে। আর 'রেমাল' আসার খবরে সেই আতঙ্ক যেন ফিরে আসছে উপকূলবাসীদের মনে! আগামী রবিবার সন্ধ্যা নাগাদ পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলের সুন্দরবন বা সংলগ্ন এলাকায় ঘূর্ণিঝড়টি আছড়ে পড়ার সম্ভাবনাই বেশি। বৃহস্পতিবার একথা জানিয়ে দিল কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর। তবে ঠিক কোন জায়গা দিয়ে ও কোন সময়ে ঘূর্ণিঝড় উপকূল অতিক্রম করবে, তা জানানো হয়নি। তবে 'রেমাল'-এর প্রভাবে রবি ও সোমবার কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলায় প্রবল বৃষ্টি ও ঝোড়ো হাওয়ার জেরে দুর্যোগ পরিস্থিতি তৈরি হতে পারে। রবিবার দক্ষিণ ২৪ পরগনার কোথাও কোথাও দমকা হাওয়ার সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৯০ থেকে ১০০ কিলোমিটারে পৌঁছনোর সম্ভাবনা আছে। উত্তর ২৪ পরগনাতে ঘণ্টায় ৮০-৯০ কিলোমিটার, কলকাতা ও পূর্ব মেদিনীপুরে ঘণ্টায় ৭০-৮০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। শনিবার থেকেই অবশ্য এর প্রভাব টের পাওয়া যাবে। যদিও মূলত উপকূলবর্তী এলাকায়। সেদিন পূর্ব মেদিনীপুর ও দুই ২৪ পরগনার কোথাও কোথাও ঘণ্টায় ৪০-৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। সঙ্গে ভারী বৃষ্টি। রবিবার ওই তিনটি জেলা ছাড়াও কলকাতা ও হাওড়াতে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা দেওয়া হয়েছে। ভারী বৃষ্টি হতে পারে হুগলি, নদীয়া, পশ্চিম মেদিনীপুরে। সোমবার কলকাতা এবং দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, নদীয়া, হুগলি ও হাওড়ায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা আছে। দক্ষিণবঙ্গের বাকি জেলাগুলিতে কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে ওইদিন। সঙ্গে জোরালো ঝোড়ো হাওয়া। তবে কলকাতা এবং দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুরে সেদিন হাওয়ার গতিবেগ কিছুটা কমতে পারে।কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর সম্ভাব্য ঘূর্ণিঝড়ের যে গতিপথ দেখিয়েছে, তাতে এর কেন্দ্রস্থল বা 'আই' বাংলাদেশ উপকূল অতিক্রম করবে বলে ইঙ্গিত মিলছে। তাহলেও পশ্চিমবঙ্গ উপকূলে ঘূর্ণিঝড়ের বেশ প্রভাব পড়বে বলে দপ্তরের ডেপুটি ডিরেক্টর জেনারেল সোমনাথ দত্ত জানিয়েছেন। দক্ষিণ ২৪ পরগনার উপকূলে এর প্রভাব বেশি হবে বলে মনে করছেন আবহাওয়াবিদরা। পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে এদিন সুস্পষ্ট নিম্নচাপ তৈরি হয়েছে। এটি উত্তর-পূর্ব অভিমুখে অগ্রসর হয়ে আজ, শুক্রবার মধ্য বঙ্গোপসাগরে গভীর নিম্নচাপে পরিণত হবে। শনিবার সকালে আরও শক্তিশালী হয়ে এটি পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের উপর ঘূর্ণিঝড়ে পরিণত হবে। এরপর সেটি অভিমুখ সামান্য পরিবর্তন করবে। উত্তর দিকে অগ্রসর হয়ে আরও শক্তিশালী তীব্র ঘূর্ণিঝড় হিসেবে রবিবার সন্ধ্যা নাগাদ চলে আসবে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলের কাছে। আবহাওয়াবিদরা বলছেন, ঘূর্ণিঝড়টি উত্তর-পূর্ব দিকে অভিমুখ বজায় রাখলে অনেকটা দূরে বাংলাদেশ-মায়ানমার উপকূলের দিকে চলে যেত। এতে দক্ষিণবঙ্গে প্রভাব তুলনামূলকভাবে কম হতো। কিন্তু তা হওয়ার সম্ভাবনা নেই।

# মন্ত্রী চন্দ্রিমার সঙ্গে গণসংযোগ মালা রায়



**কলকাতা : নিউজ সারাদিন :** দক্ষিণ কলকাতার তৃণমূল কংগ্রেস প্রার্থী মালা রায়ের সমর্থনে একটি বিশাল সমাবেশের আয়োজন করা হয়। মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, দক্ষিণ কলকাতা মহিলা সভাপতি চৈতালী চট্টোপাধ্যায় নির্বাচনী জনসংযোগ প্রচার চালান। মালা রাইও গণসংযোগের ঝড় তুলেছেন নির্বাচনী প্রচারে। এ সময় তিনি মানুষের ভালোবাসাও পাচ্ছেন। এই সময় তৃণমূল নেতৃত্বের দাবি, মালা রাই বিপুল ভোটে জয়ী হবেন এবং মানুষের উন্নয়নে কাজ করবেন।

# অভিষেক বন্দোপাধ্যায় এর সমর্থনে

## নূরপুর রায়চকে বুথে বুথে চষে বেড়াচ্ছেন রেকর্ড ভোটে জয়ী করার জন্য ডা: হা: ২ ব্লক তৃণমূল কংগ্রেসের নেতৃত্বরা



**ডায়মন্ড হারবার: নিউজ সারাদিন :** আসন্ন লোক সভা নির্বাচনকে সামনে রেখে তৃণমূল কংগ্রেসের দুই বারের সাংসদ এবার তিন বারে পরলো, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায় এর সমর্থনে প্রচারে ডায়মন্ড হারবার ১ ও ২ নম্বর ব্লকে সমগ্র এলাকার পাশাপাশি এদিন ডা:হা: ২ নম্বর ব্লকে নূরপুর অঞ্চলে রায়চক এ সকল বুথে বুথে চষে বেড়াচ্ছেন ডায়মন্ড হারবার বিধানসভার পর্যবেক্ষক সামীম আহমেদ এছারও ডায়মন্ড হারবার ২ নম্বর ব্লক সভাপতি অরুময় গায়েন,ব্লক ২ যুব সভাপতি মাহবুবার রহমান গায়েন,কামার পোল পঞ্চায়েত প্রধান মইদুল ইসলাম সহ দলীয় কর্মী সমর্থক। নিজেদের প্রার্থীর রেকর্ড ভোটে জয় নিশ্চিত করার জন্য দলীয় নেতা-কর্মীদের নিয়ে সামীম আহমেদ ইতিমধ্যে দিনরাত এক করে ছুটে বেড়াচ্ছে ডায়মন্ড হারবার বিধানসভা কেন্দ্রের একপ্রান্ত থেকে অপর প্রান্তে। প্রচারে ভিড় হচ্ছে যথেষ্ট, পাশাপাশি দলের সর্বস্তরের নেতা-কর্মীরা তাদের পাশে এসে দাঁড়িয়েছে এবং নিজেদের মত করে প্রচার করে যাচ্ছে। বুথে বুথে জনসংযোগ এ মহিলা কর্মীসমর্থক ছিল চোখে পড়ার মত। শামীম আহমেদ জানান এই এলাকা থেকে দলের প্রার্থীর রেকর্ড ভোটে জয় নিশ্চিত করার জন্য আগামী পাঁচ ছো দিন দলের সমস্ত স্তরের নেতা-কর্মীদের প্রচারে ঝাঁপিয়ে পড়তে হবে। মাথায় রাখতে হবে অভিষেক বন্দোপাধ্যায় দিদির স্নহধন্য ও আমাদের একজন আত্মার আত্মীয় প্রার্থী। এলাকাটাকে যিনি নিজের হাতের তালুর মত চেনেন এক প্রশ্নের উত্তরে সেই। ব্লক সভাপতি অরুময় গায়েন বলেন দলনেত্রীর হাত শক্ত করতে আমরা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে প্রচার করছি। দলীয় প্রার্থীর গত লোকসভা নির্বাচনের তুলনায় রেকর্ড জয়ের ব্যাপারে আমরা আশাবাদী।

### ৭৭তম কান চলচ্চিত্র উৎসবে

## 'লা সিনেফ' পুরস্কার জয় এফটিআইআই পড়ুয়ার

**নয়াদিল্লি, ২৪ মে, ২০২৪ : নিউজ সারাদিন :** ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউট অফ ইন্ডিয়া (এফটিআইআই)-র ছাত্র চিদানন্দ নায়েকের ছবি 'সানফ্লাওয়ার্স ওয়ার দ্য ফার্স্ট ওয়ানস্ টু নো' ৭৭তম কান চলচ্চিত্র উৎসবে সেরা স্বল্প দৈর্ঘ্যের ছবি হিসেবে 'লা সিনেফ' পুরস্কার জিতে নিয়েছে। ২৩ মে, ২০২৪ তারিখে এই স্বীকৃতি ঘোষণা করা হয় এবং ছবিটির পরিচালক শ্রী চিদানন্দ নায়েক এই পুরস্কার গ্রহণ করেন। ভারতীয় চলচ্চিত্রে এটি একটি ঐতিহাসিক মুহূর্ত। আন্তর্জাতিক মঞ্চে, বিশেষত এফটিআইআই-এর ছাত্ররা গত কয়েক বছর ধরে দেশের গৌরব উজ্জ্বল করে চলেছেন। চার বছর আগে ৭৩তম কান চলচিচত্র উৎসবে এফটিআইআই-এর ছাত্রের তৈরি 'ক্যাটডগ' ছবিটি পুরস্কার জিতে নিয়েছিল। এই বছর কান চলচ্চিত্র উৎসবে পায়েল কাপাডিয়া, মইসাম আলি, সন্তোষ সিবানের মতো এফটিআইআই-এর অনেক প্রাক্তনী বিশেষ স্বীকৃতি পেয়েছেন। এই প্রথম এফটিআইআই-এর এক বছরের টেলিভিশন কোর্সের কোনও ছাত্রের ছবি কান চলচ্চিত্র উৎসবে পুরস্কার জিতে নিল। ২০২২ সালে এফটিআইআই-এ যোগ দেওয়ার আগে তথ্য ও সম্প্রচার মন্ত্রক আয়োজিত ৫৩তম ভারত আন্তর্জাতিক চলচিচত্র উৎসবে (আইএফএফআই) ৭৫ জন ক্রিয়েটিভ মাইন্ডস্-এর একজন হিসেবে নির্বাচিত হয়েছিলেন চিদানন্দ নায়েক। এই সাফল্যের জন্য ছবিটির গোটা ইউনিটকে অভিনন্দন জানিয়েছেন এফটিআইআই-এর প্রেসিডেন্ট শ্রী আর মাধবন।

# বাংলাদেশের সংসদের দেহ সন্ধান করছে ভাঙ্গর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলাদেশের সাংসদ খুনে ২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁদের জেরা করে চাঞ্চল্যকর তথ্য জানতে পেরেছেন তদন্তকারীরা। তদন্তে পুলিশ জানতে পেরেছেন সাংসদকে খুন করতে দেহের কিমা বানানো হয়েছিল। জিহাদ হাওলাদার নামে বাংলাদেশ থেকে নিয়ে আসা হয়েছিল এক কসাইকে।

তদন্তকারীরা জানতে পেরেছে সাংসদ হত্যাকাণ্ডের মূল চক্রী আখরুজ্জমান বাংলাদেশি হলেও সে কিন্তু আমেরিকার নাগরিক। তার নির্দেশেই সাংসদকে হত্যা করা হয়েছে বলে জানতে পেরেছেন তদন্তকারীরা। কী কারণে এই হত্যাকাণ্ড তা এখনও স্পষ্ট করে জানতে পারেনি তদন্তকারীরা। এতো নৃশংসভাবে কেন ঝিনাইদহের সাংসদকে হত্যা করা হল তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। বাংলাদেশেও তল্লাশি চালাচ্ছে সেদেশের পুলিশ এবং তদন্তকারীরা।এই ঘটনায় মূলচক্রী আমানুল্লাহ ভাড়া করে করেছিল জিহাদ এবং সিয়াম নামে দুই আততায়ীকে।তারা খুনের কয়েক মাস আগেই ভারতে অনুপ্রবেশ করেছিল। জিহাদ মুম্বইয়ে ছিল। সেখান থেকে তাকে নিয়ে আসা হয় কলকাতায়। আমানুল্লাহের বাড়িতেই ছিল জিহাদ এবং সিয়াম।

শ্বাসরোধ করে প্রথমে সাংসদকে খুন করা হয়। তারপর দেহ লোপাটের জন্য কুচি কুচি করে কাটা হয় দেহ। ফ্ল্যাটের ভেতরেই ফ্রিজের মধ্যে রাখা হয়েছিল দেহ। যাতে দুর্গন্ধ না ছড়ায় সেকারণে হাড় এবং মাংস আলাদা করে কুচি কুচি করে কাটা হয়। এবং তাতে নুন হলুদ মাখানো হয়। তারপর থলেতে ভরে অ্যাপ ক্যাবে ভরে নিয়ে যাওয়া হয়। কলকাতার বিভিন্ন জায়গায় সেই থলে ফেলে দেওয়া হয়েছে বলে অনুমান পুলিশের।









# ২৯ মে অর্থাৎ ৫ দিনের মধ্যে খুনের হুমকি দেওয়া হয়েছে অর্জুন সিংকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হোয়াটস অ্যাপ কলে অর্জুন সিংকে খুনের হুমকি। ২৯ মে অর্থাৎ ৫ দিনের মধ্যে খুনের হুমকি দেওয়া হয়েছে। ইতিমধ্যেই সোশাল মিডিয়ায় কল রেকর্ডিং পোস্ট

এরপর ৩ পাতায়

### কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে দূরদর্শন

## ডিডি কিষাণ ২৬ মে থেকে কৃষ এবং ভূমি নামে দুই কৃত্রিম বুদ্ধিমত্তার অধিকারী সঞ্চালক নিয়ে আসছে

**নয়াদিল্লি, ২৪ মে , ২০২৪ : নিউজ সারাদিন :** দূরদর্শন নতুন মাইল ফলক অর্জনের পথে। ডিডি কিষাণ ৯ বছর ধরে প্রভূত সাফল্যের পর এবার নতুন রূপে, নতুন আঙ্গিকে ২৬ মে থেকে আত্মপ্রকাশ করছে। এই চ্যানেলের উপস্থাপনা হতে চলেছে সম্পূর্ণ অভিনব।

দূরদর্শন কিষাণ দেশের প্রথম সরকারি টিভি চ্যানেল হিসেবে কৃত্রিম বুদ্ধিমত্তার অধিকারী উপস্থাপক নিয়ে আসছে। কৃষ এবং ভূমি নামে কৃত্রিম বুদ্ধিমত্তার অধিকারী দুই উপস্থাপককে এই চ্যানেলে দেখা যাবে। এই দুই সংবাদ উপস্থাপক বস্তুতপক্ষে কম্পিউটার, তবে তারা সম্পূর্ণ মানবরূপী বা বলা যেতে পারে মানুষের

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৩ বর্ষ ১৪১ সংখ্যা ২৫ মে, ২০২৪ শনিবার ১১ জ্যৈষ্ঠ, ১৪৩১

## নারকীয় এই হত্যালীলার রুদ্ধশ্বাস প্রতিক্রিয়া ভারত-বাংলাদেশ দুদেশেই

**ঢাকা: নিউজ সারাদিন :** বাংলাদেশের ঝিনাইদহের সাংসদ আনোয়ারুল আজিমের খুনের তদন্তে উঠে আসছে একের পর এক চাঞ্চল্যকর তথ্য। আনোয়ারুলকে হত্যা করার পর টুকরো টুকরো করে কেটে ফেলা হয় দেহ। নারকীয় এই হত্যালীলার রুদ্ধশ্বাস প্রতিক্রিয়া ভারত-বাংলাদেশ দুদেশেই। এমন ভয়ংকর নিষ্ঠুরতা যে সম্ভব তা বিশ্বাসই হচ্ছে না।উল্লেখ্য, কলকাতায় চিকিৎসা করাতে গিয়ে নিউটাউনের ফ্ল্যাটে বাংলাদেশি সুপারি কিলারদের হাতে খুন হয়েছেন আনোয়ারুল। খুনের নেপথ্যে মূল চক্রী হিসাবে অভিযোগের তির তাঁর বন্ধু তথা বাংলাদেশের ব্যবসায়ী আখতারুজ্জামান শাহিনের দিকে। সে টোপ হিসাবে ব্যবহার করে নিজেরই সুন্দরী বান্ধবী শিলাস্তি রহমানকে। বন্ধু সেজে সুপারি কিলাররাই আনোয়ারুলকে নিউ টাউনের ফ্ল্যাটে নিয়ে আসে। বাংলাদেশ পুলিশের কাছ থেকে পশ্চিমবঙ্গের গোয়েন্দারা জেনেছেন, গত ১৩ মে বিকেল চারটে নাগাদ শ্বাসরোধ করে খুন করা হয় সাংসদকে। এর পর শাহিনের নির্দেশেই তাঁর দেহ টুকরো টুকরো করে কেটে ফ্রিজে রেখে দেওয়া হয়। তার পর ফেলা দেওয়া হয় বিভিন্ন জায়গায়। যদিও এখনও আনোয়ারুলের দেহাবশেষ উদ্ধার করা যায়নি। গোটা ঘটনার তদন্ত করছে ভারত ও বাংলাদেশ।

এই পরিস্থিতিতে পুরোটাই দুঃস্বপ্নের মতো মনে হচ্ছে আনোয়ারুলের মেয়ে মুমতারিন ফিরদৌসের। মৃত্যুর সময় বাবা কতটা কষ্ট পেয়েছিলেন সেটাই বুঝতে চান মুমতারিন। শেষবারের মতো ছুঁয়ে দেখতে চান বাবাকে।

আনোয়ারুলের মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে গোটা ঝিনাইদহে। প্রিয় সাংসদের এমন ভয়াবহ পরিণতি মেনে নিতে পারছেন না কেউই। অপরাধীদের দ্রুত বিচার চাইছে আনোয়ারুলের পরিবার। শুক্রবার সাংবাদিকদের সামনে কান্নায় ভেঙে পড়েন মুমতারিন। তিনি বলেন, "আমার বাবাকে শেষবারের মতো ছুঁয়ে দেখতে চাই। বাবা কতটা কষ্ট পেয়েছে, তা তাঁকে দেখে বুঝতে চাই। মানুষ মানুষকে এমনভাবে কী করে মারতে পারে? এভাবে আমার বাবাকে কেটে কেটে টুকরা করা হয়েছে? আমি জীবনেও ভুলতে পারব না।"বাবার খুনিদের দ্রুত শাস্তি চেয়ে এদিন মুমতারিন বলেন,"আমার দৃঢ় বিশ্বাস আল্লা এর বিচার করবেন। এই হত্যাকাণ্ডের জন্য অনেক দিন ধরেই তারা পরিকল্পনা করেছে। সাজিয়ে-গুছিয়ে এত বড় একটা অপরাধ ঘটানো হয়েছে। হত্যাকাণ্ডের সঙ্গে যার নাম আসছে, তাকে বিদেশ থেকে নিয়ে আসুন। কান টানলে মাথা আসবে। যদি ওর উপরের কেউ থেকে থাকে, তার নামটিও খতিয়ে দেখুন। আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল। তদন্ত করে বিষয়টি দেখুন। রাজনৈতিক-অরাজনৈতিক যেটাই হোক না কেন, সমস্ত কিছু খতিয়ে দেখুন।"

## সম্পাদকীয়

### নন্দীগ্রাম খুনের ঘটনায় তৃণমূল কংগ্রেসের উপর চাপ বাড়ছে

লোকসভা ভোটের ঠিক দু'দিন আগে এই পরিস্থিতিতে তাঁদের অনেকেই এখন রাতারাতি এলাকাছাড়া। তৃণমূলের অন্দরে আলোচনা, ফলে ভোটের দিন সাংগঠনিক ভাবে দলের কিছুটা চাপে পড়তে পারে। খুনে আর এক অভিযুক্ত নন্দীগ্রাম-১ পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা তথা কালীচরণপুর অঞ্চল তৃণমূলের সভাপতি শেখ আল্লারাজির দাবি, "বাড়ি থেকে ৮-৯ কিলোমিটার দূরে সাউথখালি। ওই এলাকায় আমাদের যাতায়াত নেই।" সঙ্গে জুড়ছেন, "গত পঞ্চায়েত ভোটের পরে আমাকে বিজেপিতে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছিল। হলদিয়া ভবনে ডেকে শুভেন্দু বিজেপিতে যেতে বলেছিলেন। রাজি হইনি। তাইফাঁসানো হচ্ছে।" তারাচাঁদবাড়ে জাহাজবাড়িতে বসে সুফিয়ানও বলছেন, "তৃণমূলের কেউ এই ঘটনায় জড়িত নন।"

বিরোধী দলনেতা শুভেন্দু অবশ্য নাম করেই অভিযোগ করেছেন, "দেবু রায়, খোকন সীটেরা গড়চক্রবেড়িয়া থেকে লোক নিয়ে গিয়ে খুন করিয়েছে। এফআইআর দায়েরের পরেও অভিযুক্ত আল্লারাজি নন্দীগ্রাম থানায় গিয়ে আইসির সঙ্গে বৈঠক করেছেন।" গোটা ঘটনার সিবিআই তদন্ত চাওয়া হবে বলেও জানিয়েছেন নন্দীগ্রামের বিধায়ক।বিজেপি কর্মী রথিবালা আড়িকে পিটিয়ে ও কুপিয়ে খুনের অভিযোগে ২৫ জনের নামে এফআইআর করেছেন তাঁর মেয়ে মঞ্জু আড়ি।তাতে নাম রয়েছে তৃণমূলের শেখ সুফিয়ান, নন্দীগ্রাম-১ পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা তথা ব্লক তৃণমূলের সহ-সভাপতি শেখ আল্লারাজি থেকে একাধিক স্থানীয় তৃণমূল নেতার।

স্থানীয় সূত্রে দাবি, বুধবার গভীর রাতেই তেতে ওঠে নন্দীগ্রামের সোনাচূড়া, গড়চক্রবেড়িয়া। অভিযোগ, মনসাবাজারের কাছে হামলার নেতৃত্বে ছিলেন স্থানীয় তৃণমূল নেতা দেবু রায়। সেখানেই মারধরে রথিবালা মারা যান বলে দাবি। এই খুনের ঘটনায় মূল অভিযুক্ত খোকন সীট। এ ছাড়া, দেবু রায়, শেখ আল্লারাজি, শেখ সুফিয়ান তো আছেনই। আছে শেখ শামসুল ইসলাম-সহ আরও অনেকের নাম। গত বিধানসভা ভোটের পরে নন্দীগ্রামেরই চিল্ল গ্রামে দেবব্রত মাইতি নামে এক বিজেপি কর্মী খুন হন। সেই ঘটনায় অভিযুক্ত ১১ জন তৃণমূল নেতা এখন আদালতের নির্দেশে জেলার বাইরে রয়েছেন।স্থানীয় সূত্রে বলা হয়েছে, দেবু এবং খোকন সোনাচূড়ার বাসিন্দা। খোকন একসময় যাত্রায় অভিনয় করতেন। আর দেবু সোনাচূড়া হাই স্কুলের অশিক্ষক কর্মী। দু'জনেরই উত্থান জমি আন্দোলনের সময়। বাম কর্মী-সমর্থকদের ঘরছাড়া করা, তাঁদের জমি দখল, জরিমানা আদায়-সহ নানা অভিযোগ রয়েছে এই দু'জনের বিরুদ্ধে। শুভেন্দু বিজেপিতে যাওয়ার পরে তৃণমূলে কোণঠাসা হয়ে পড়েছিলেন শুভেন্দু-ঘনিষ্ঠ প্রাক্তন জেলা পরিষদ সদস্য প্রণব মহাপাত্র। সূত্রের দাবি, তখনই তৃণমূলে প্রভাব বাড়ে দেবু এবং খোকনের।

দলের একটি অংশ জানাচ্ছে, এ দিন থেকেই তাঁরা এলাকাছাড়া। তৃণমূলের অঞ্চল সভাপতি দেবু রায় অবশ্য ফোনে বলছেন, "বুধবার রাতে পলাশ ভুঁইয়া নামে আমাদেরই এক কর্মীর টোটো ভাঙচুর করে বিজেপির লোকজন। দু'টো বাড়িও ভাঙে। তখন আমরা ২৮৪ নম্বর বুথ পাহারা দিচ্ছিলাম। পুলিশকে জানাই। মিনিট কুড়ি পরে পুলিশ গিয়ে জানায়, বিজেপির একজন মহিলা কর্মী অসুস্থ হয়েছেন।" তাঁর দাবি, "দলে যে হেতু আমি নেতৃত্ব দিই, তাই আমাকে খুনের মামলায় জড়ানোর চেষ্টা হচ্ছে।"খুনে আর এক অভিযুক্ত নন্দীগ্রাম-১ পঞ্চায়েত সমিতির বিরোধী দলনেতা তথা কালীচরণপুর অঞ্চল তৃণমূলের সভাপতি শেখ আল্লারাজির দাবি, "বাড়ি থেকে ৮-৯ কিলোমিটার দূরে সাউথখালি। ওই এলাকায় আমাদের যাতায়াত নেই।" সঙ্গে জুড়ছেন, "গত পঞ্চায়েত ভোটের পরে আমাকে বিজেপিতে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছিল। হলদিয়া ভবনে ডেকে শুভেন্দু বিজেপিতে যেতে বলেছিলেন। রাজি হইনি। তাইফাঁসানো হচ্ছে।" তারাচাঁদবাড়ে জাহাজবাড়িতে বসে সুফিয়ানও বলছেন, "তৃণমূলের কেউ এই ঘটনায় জড়িত নন।"

## মায়ের আশীর্বাদ অসীম সাধারণ মানুষ তার প্রমাণ পায় তারাপীঠে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তিনি সাধনলাভ করেছিলেন আশ্বিন মাসের কোজাগরী শুক্লা চতুর্দশীতে। আরও আশ্চর্যের ঘটনা হল, জয়দত্ত মন্দির প্রতিষ্ঠা করে প্রথম যেদিন দেবীর পুজো করেছিলেন, সেদিনটাও ছিল কোজাগরী শুক্লা চতুর্দশী। আজও এই বিশেষ দিনে তারামায়ের পুজো ধুমধাম করে হয়। আমার গবেষণায় এক চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে তারা মায়ের মন্দির কে নিয়ে। রাণ থেকে মধ্যযুগ হয়ে ফেরা যাক আধুনিক বাস্তবের ইতিহাসে। ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভগবান শ্রীকৃষ্ণুনের অবতার যুগে যুগে



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



সত্য, ত্রেতা, দ্বাপরের শেষে কলিযুগের আগমন। এভাবে ঘড়ির কাঁটার মতো এ চার যুগ অনাদিকাল ধরে পালাক্রমে আবর্তিত হয়ে আসছে। বর্তমানে আমরা বৈবস্বত মনুর আয়ুষ্কালে অষ্টাবিংশতি চতুর্যুগের শেষে যে দ্বাপরযুগ তার পরবর্তী কলিযুগে অবস্থান করছি। এ চার যুগে ভগবান তাঁর বিভিন্নরূপে আবির্ভূত হয়ে লীলাবিলাস করছেন। ভগবানের ছয়প্রকার অবতার, তার মধ্যে একটি হচ্ছে লীলাবতার। লীলা অবতার গণের মধ্যে কল্কি অবতার অন্যতম। চার যুগ অন্তর অন্তর কল্কি অবতার কলিযুগের শেষে এবং পুনরায় সত্যযুগের প্রারম্ভে আবির্ভূত হন। এরই ধারাবাহিকতায় এই কলিযুগেও কল্কি অবতার যথাসময়ে আবির্ভূত হবেন, তাই শাস্ত্রে বর্ণিত আছে। কিন্তু সম্প্রতি ভগবানের অবতার হওয়ার প্রতিযোগিতা চলছে। ভগবানের অবতরণের সুযোগ নিয়ে অনেকেই অবতার হতে চাচ্ছেন বা তার অনুগামীরা তাদের অবতার বলে প্রতিপন্ন করছেন। শাস্ত্রে ভগবদ অবতারের যেসব বৈশিষ্ট্যের বর্ণনা আছে তা না থাকা সত্ত্বেও জনগণের অজ্ঞতার দরুন তারা সমাজে এক বিশৃঙ্খলার সৃষ্টি করছে। এখানে-সেখানে যত্রতত্র শোনা যাচ্ছে-অমুক নাকি ভগবানের অবতার।

আমরা কলিযুগে জন্মগ্রহণ করেছি। শাস্ত্রের বর্ণনা অনুসারে কলিযুগের শেষে ভগবান কল্কি অবতাররূপে আবির্ভূত হয়ে আবার পৃথিবীতে দুষ্টের দমন শিষ্টের পালন করে ধর্ম প্রতিষ্ঠা করবেন। কিন্তু যেহেতু কল্কি অবতার এখনো আবির্ভূত হননি, তাই এই অবতার নিয়ে চলছে নানারকম কল্পনাবিলাস। ভুরি ভুরি ভুঁইফোড় ব্যক্তি কল্কি অবতার নামে আত্মপ্রকাশ করছে। আবার কোনো কোনো ক্ষেত্রে অনুগামীরা তাদের দল ভারি করার জন্য বিভিন্ন রূপক ও কাল্পনিক যুক্তি উপস্থাপনের মাধ্যমে শাস্ত্রীয় প্রশাণের অপব্যাখ্যা করছে।নামে-বেনামে বিভিন্ন বই ছাপিয়ে কল্কি অবতার সম্বন্ধে মানুষকে ভুল তথ্য প্রদান করছে। আর তা নিয়ে বিভ্রান্তিতে পড়ছে শাস্ত্রজ্ঞান সম্বন্ধে অজ্ঞ সাধারণ মানুষ। যখনই কেউ বলছেন, "তিনি ভগবানের অবতার"- সাধারণ মানুষ এর সত্যতা বিচার না করেই তার পেছনেই ছুটছে। বর্তমান যুগ তথ্যপ্রযুক্তির যুগ। ভারচুয়াল কমিউনিকেশন এবং দ্রুত কোনো সংবাদ ছড়িয়ে দেয়ার জন্য তথ্যপ্রযুক্তির জুড়ি নেই। ব্লগিং চ্যাটিং-এ নানা বিষয় নিয়ে চলে তমুল তর্ক-বিতর্ক। ব্লগ এবং গণমাধ্যমগুলোতে সামাজিক, রাজনৈতিক বিষয় নিয়ে যেমন চর্চা হয়, ঠিক তেমনি চর্চা হয় ধর্মীয় বিষয় নিয়েও। ধর্মীয় যেসব বিষয় নিয়ে এসকল গণমাধ্যমগুলোতে চর্চা হয়, তার মধ্যে কল্কি অবতার অন্যতম। অন্যদিকে আমরা সকলেই জানি ভক্তদের সঙ্গে ভগবানের এক গভীর সম্পর্ক তৈরি হয়। এর উদাহরণ আমরা পুরাণ কাহিনী সূত্রে জেনেছি যেমন রাধা ও কৃষ্ণ লীলা। আজকে জানবো কি ভাবে ভগবানকে ভক্তি ভরে ডাকলে ভগবানের সাক্ষাত পাওয়া যায়। ভক্ত সুরদাস জন্ম থেকেই অন্ধ। তার দেখা শোনার জন্য কোনো লোক থাকত না। লাঠি হাতে কৃষ্ণ নাম জপ করতে করতে ভ্রমণ করে বেড়ায়। সংসারে একা দরিদ্র ভিক্ষুক। কোনো দিন খাবার জোটে আবার কোনো কোনো দিন জোটে না। কিন্তু তার দারিদ্রতা তার মনের আনন্দকে হরণ করতে পারে নি। কিন্তু তার মনের আত্মা পড়ে থাকে কৃষ্ণ নামে। মুখে দারিদ্র ভাব থাকলেও মনে আছে গম্ভীর আনন্দ এর সুখ। সে ঠিক করে যে করে হোক কৃষ্ণ দেখা পেতেই হবে। সে মনে করে কৃষ্ণ দেখা না পেলে তার জীবন বৃথা।

তাই সে রওনা হয় মথুরা পথে। অন্ধ হওয়া সত্বেও সে কেবল মাত্র লাঠি কে অবলম্বন করে মথুরা পথে গমন করে আর মুখে কৃষ্ণ নাম। রাস্তা তে কোনো বাঁধা বিপত্তি তাকে স্পর্শ করতে পারেনি। সে কৃষ্ণ নাম জপ করতে করতে গভীর অরন্যে প্রবেশ করে। আর রাস্তায় কোনও লোকের দেখা পেলে জিজ্ঞেস করে ভাই মথুরা কতো দূর। কেউ কেউ তার প্রশ্নের উত্তর দেয় আবার কেউ কেউ দেয় না। বন্য পশুর পদধ্বনি শুনলেও জিজ্ঞাস করে মথুরা কত দূর। পথে মাঝে মাঝে কেউ জল দেয়, রুটি দেয়, পথে কেউ কেউ বলে মথুরা তো অনেক দূর তাতেও সে বলে প্রভুর দেখা পেতেই হবে। কঠিন পথ পার হতে গিয়ে অনেক বাধা বিপত্তি পার হতে গিয়ে অনেক আঘাত পেয়েছে কিন্তু তাতেও মুখে কৃষ্ণ নাম নিয়ে এগিয়ে চলে।তার মনে আনন্দের জোয়ার মথুরাতে প্রভু কে দর্শন করবে। সব দুঃখ কষ্ট মুছে যায়। গভীর আনন্দ তাকে এত টাই দুর্বল হয়ে যায় যে চলতে চলতে মানুষহীন এক অরন্যে এসে পৌঁছায়। আর লক্ষহীন ভাবে এক কুঁয়োতে পড়ে যায়। কিন্তু সে আনন্দে গান গেয়ে যায় আর মুখে কৃষ্ণ নাম। কিন্তু কয়েক দিন পর ক্ষুধায় তার জীবন অনাড়ম্বর হয়ে গেছে। হঠাৎ একদিন সে এক বালক কে দেখতে পেলো, এক ঘটি দুধ নিয়ে বনের মধ্যে যাচ্ছিলো। গো গো শব্দ শুনে আসে। আর একটি লতা দিয়ে তাকে ওপরে তুলে আনে। আর বলে আমার জীবন দাতা তুমি কে, তারপর বালক টি বলে সুর দাস তুমি তিন দিন কিছু খাওনি এই নাও দুধ টুকু খাও।তারপর দুধ পান করে বালকটির হাত ধরতেই তার সারা শরীর রোমাঞ্চকর হয়ে ওঠে এবং নয়ন ভোরে জল পড়তে শুরু করে। সুর দাস বললো বন্ধু এবার পরিচয় দাও এবার। বালকটি বললো আমি গোয়ালার ছেলে। এই পথে মথুরার উদ্দেশে যে সব যাত্রী যায় তাদের তৃষ্ণা দূর করে থাকি। সুর দাস তার গলা জড়িয়ে ধরে বললো আমি তো সেই গোয়ালার ছেলে কেই করে খুঁজছি। যদি তুমি এসে থাকো তো একবার তোমার শ্রী মুখ খানি দেখাও। বালকটি বললো তুমি তো অন্ধ কি করে দেখবে আমাকে। আচ্ছা আমি তোমাকে দৃষ্টি দান করলাম। চোখে হাত বলাতেই সুর দাসের দৃষ্টি ফিরে আসে, আর সে দেখতে পায় সামনে এক শ্যাম রূপি বালক মাথায় এক ময়ূর পালক, গলাতে বনমালা, কোমরে বাঁশি।সুর দাস মোহিত হয়ে তার পদ চরণে লুটিয়ে পড়ল। বলল দেখা পেয়েছি প্রভু। আমার চোখ আজ ধন্য। আমার প্রথম দেওয়া দৃষ্টি দিয়ে আমি তোমাকেই দর্শন করলাম প্রভু। আজ আমি ধন্য। আর কার রূপ আমি দেখতে চাই না। এই ভাবে সুর দাস শ্রী কৃষ্ণের দর্শন পেয়ে ছিলেন।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## ৬.৮০ লক্ষ সন্দেহজনক মোবাইল সংযোগ চিহ্নিত করল টেলিযোগাযোগ দপ্তর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের টেলিযোগাযোগ দপ্তর ৬.৮০ লক্ষ সন্দেহজনক মোবাইল সংযোগ চিহ্নিত করেছে। অবৈধ, অস্তিত্বহীন বা ভুয়ো পরিচয়পত্র ও ঠিকানা ব্যবহার করে এই মোবাইল সংযোগগুলি নেওয়া হয়েছে বলে মনে করছে টেলিযোগাযোগ দপ্তর। এই মোবাইল নম্বরগুলি পুনরায় খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে টেলিযোগাযোগ দপ্তর। ৬০ দিনের মধ্যে এই কাজ শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। ৬০ দিনের মধ্যে এই যাচাইয়ের কাজ সম্পন্ন না হলে সংশ্লিষ্ট মোবাইল নম্বরগুলির সংযোগ বাতিল হয়ে যাবে। এইসব ভুয়ো মোবাইল সংযোগ চিহ্নিত করার জন্য এআই প্রযুক্তির সাহায্য নেওয়া হয়েছে। মোবাইল সংযোগ এবং ডিজিটাল লেনদেন ব্যবস্থায় সুরক্ষা প্রদানের লক্ষ্যেই টেলিযোগাযোগ দপ্তরের এই উদ্যোগ।

৩ পাতার পর

## ঘূর্ণিঝড়ের প্রভাব পড়বে না, পূর্বাভাস আবহাওয়া দপ্তরের

বছরের ঊর্ধ্বে ২৩ হাজার ৬৫৯ জন এবং ৯.৫৮ লক্ষ শারীরিক প্রতিবন্ধী ভোটদাতা রয়েছেন। ৩) ১৮৪ জন পর্যবেক্ষক নিযুক্ত করা হয়েছে। এছাড়া, কিছু কিছু রাজ্যে বিশেষ পর্যবেক্ষকও নিযুক্ত করা হয়েছে। ৪) ২৫৭টি আন্তর্জাতিক সীমান্ত এবং ৯২৭টি আন্তঃরাজ্য সীমানার চেকপোস্টে কড়া নজরদারির ব্যবস্থা করা হয়েছে। ৫) ভোটদান কেন্দ্র সহ অন্যান্য তথ্য পেতে এই লিঙ্কে ক্লিক করুন - https://electoralsearch.eci.gov.in/

৬) ভোটার পরিচয়পত্র (এপিক) ছাড়াও ১২ ধরনের বিকল্প পরিচয়পত্রের ব্যবস্থা রাখা হয়েছে। বিকল্প পরিচয়পত্র সম্পর্কে বিস্তারিত তথ্য পেতে এই লিঙ্কে ক্লিক করুন - https://www.eci.gov.in/eci-backend/public/api/download?url=LMAhAK6sOPBp%2FNFF0iRfXbEB1EVSLT41NNLRjYNJJP1KivrUxbfqkDatmHy12e%2FzBiU51zPFZI5qMtjV1qgjFsi8N4zYcCRaQ2199MM81QYarA39BJWGAJqpL2w0Jta9CSv%2B1yJkuMeCkTzY9fhBvw%3D%3D

৭) সন্ধ্যা ৭টা পর্যন্ত ২ ঘন্টা অন্তর ভোটদানের হার সম্পর্কে তথ্য জানা যাবে। কেন্দ্র-ভিত্তিক তথ্য পেতে এই লিঙ্ক দুটি ডাউনলোড করুন - https://play.google.com/store/apps/details?id=in.gov.eci.pollturnout&hl=en_IN&pli=1h ttps://apps.apple.com/in/app/voter-turnout-app/id1536366882

# সিনেমার খবর

## ভোটে জয়ী হলে অভিনয় ছেড়ে দিবেন কঙ্গনা




**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বলিউডের কন্ট্রভার্সি কুইন কঙ্গনা রানাওয়াত। প্রথমবারের মতো ভারতের ক্ষমতাসীন দল বিজেপি থেকে নির্বাচনের টিকিট নিয়ে ভোটে লড়ছেন । লাইট, ক্যামেরা রেখে জয়ী হতে মানুষের দুয়ারে দুয়ারে ঘুড়ছেন তিনি। এর মধ্যেই ঘোষণা দিয়েছেন ভোটে জয়ী হলে ছেড়ে দিবেন অভিনয়।


হিমাচল প্রদেশের মান্ডি লোকসভা কেন্দ্র থেকে এবারের নির্বাচনে বিজেপির প্রার্থী কঙ্গনা। তার বিরুদ্ধে কংগ্রেসের পক্ষ থেকে লড়ছেন শক্তিশালী বিক্রমাদিত্য সিং। যার গোটা পরিবার ভারতের রাজনীতির সঙ্গে যুক্ত। তাই তো সিনেমায় অভিনয়ের চেয়েও এই লড়াইকে কঠিন মনে করছেন এই অভিনেত্রী।

সাম্প্রতি ভারতীয় এক সংবাদ মাধ্যমে কঙ্গনা অভিনয় ছাড়ারার ঘোষণা দিয়ে বলেন, 'নির্বাচনের কারণে সিনেমাসংক্রান্ত সব ধরনের কার্যক্রম বন্ধ রেখেছি। যদি ভোটে জয়ী হই, তাহলে আমার হাতে কিছু কাজ রয়েছে সেগুলো শেষ করে অভিনয় ছেড়ে দেব। কারণ সিনেমা জগত পুরোটাই মিথ্যা, সেখানে সবই নকল। অভিনয়ের থেকে ভোটের মাঠে টিকে থাকা আমার কাছে কঠিন মনে হচ্ছে। আমি জগণের পাশেই থাকতে চাই।'

চলতি লোকসভা নির্বাচনের শেষ দফায় ১ জুন মান্ডিতে ভোট রয়েছে। তাই প্রতিদিনই জনগণের সঙ্গে তার বিভিন্ন সভায় উপস্থিত হতে হয়। ইতোমধ্যেই তিনি তার হলফনামা জমা দিয়েছেন। দেখিয়েছেন আয়ের মোট সম্পত্তির পরিমাণ। এ ছাড়া নির্বাচনের কারণে মুক্তির অপেক্ষায় থাকা তার 'ইমার্জেন্সি' সিনেমার মুক্তির তারিখও পিছিয়ে দেওয়া হয়েছে।



## শাহরুখের বিয়ের প্রস্তাবে যা বলেছিলেন নায়িকা!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সৌন্দর্য প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিলেন অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। সেখানে বিচারকের আসনে ছিলেন বলিউড বাদশাহ শাহরুখ খান। সেই অনুষ্ঠানে মঞ্চে দর্শকের সামনে হঠাৎ প্রিয়াঙ্কাকে বিয়ের প্রস্তাব দিলেন শাহরুখ।


ঘটনাটি ঘটে ২০০০ সালের সৌন্দর্য প্রতিযোগিতায়। অনুষ্ঠানে প্রশ্নোত্তর পর্বে প্রিয়াঙ্কাকে প্রশ্ন করেছিলেন শাহরুখ। সেখানেই উঠে আসে বিয়ের প্রসঙ্গ। কৌতুক মিশ্রিত কণ্ঠে শাহরুখ জানান, তিনি নিজেও চাপে রয়েছেন। সৌন্দর্যের প্রতি দুর্বলতা রয়েছে তার। এর পরে তিনি প্রশ্ন করেন, কাকে বিয়ে করবেন প্রিয়াঙ্কা চোপড়া?

৩ জনের নাম উপস্থাপন করেন শাহরুখ খান। মহম্মদ আজহারউদ্দিনের মতো খেলোয়াড়, যিনি সারা বিশ্বে দেশের নাম উজ্জ্বল করছেন এবং যার জন্য গর্ববোধ করবেন তিনি। অথবা, কোনো ধনী ব্যবসায়ী, যিনি বহুমূল্য অলঙ্কারে সাজিয়ে তুলবেন প্রিয়াঙ্কাকে। নয়তো শাহরুখের মতো একজন বলিউড তারকা, যিনি এই ধরনের কল্পনাভিত্তিক কঠিন প্রশ্ন করবেন।

প্রশ্নের জবাবে খেলোয়াড়কে বেছে নিয়েছিলেন অভিনেত্রী। তিনি বলেছিলেন, বাড়ি ফিরে আমার স্বামীকে যাতে বলতে পারি, তার জন্য সারা দেশ গর্বিত। নিজের সেরাটা দিতে পেরেছেন তিনি। তাকে নিয়ে মুগ্ধ আমি।

সেই সৌন্দর্য প্রতিযোগিতায় সেরার শিরোপা জিতেছিলেন অভিনেত্রী। একটি তামিল সিনেমা করার পরে ২০০৩ সালে বলিউডে অভিষেক হয় তার। 'ডন' ও 'ডন ২' সিনেমায় শাহরুখের সঙ্গে জুটি বেঁধেছিলেন প্রিয়াঙ্কা।

## ভারতে প্রথমবার ভোট দিলেন অক্ষয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কানাডিয়ান কুমার'-এ তকমা আর থাকছে না, এবার নাগরিকত্ব পেয়ে প্রথমবার ভারতের লোকসভা নির্বাচনে ভোট দিলেন অক্ষয় কুমার।

২০ মে সকালে ঘুম থেকে উঠেই খাকি পোশাকে বুথে পৌঁছে গিয়েছিলেন তিনি। সাধারণ ভোটারদের মতো বুথের লাইনে দাঁড়িয়ে ভোট দিয়েছেন।

এ সময় অভিনেতা বলেন, আমি চাই আমার ভারতের আরও উন্নতি হোক। দেশ আরও পোক্ত হোক সব দিক থেকে। আর সেটা মাথায় রেখেই আমি ভোট দিয়েছি। জনতা যাকে সঠিক মনে করবে, তাকেই ভোট দিক।

অক্ষয় জানান, তার মনে হয় এবার বহু সংখ্যক ভোটাররা বুথে এসেছেন। তিনি সকালে দেখেন পোলিং বুথে প্রায় ৫০০-৬০০ ভোটারের ভিড়।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে অক্ষয় বলেন, ভিড়ের মাঝে লাইন ভেঙে ঢুকে না গিয়ে অপেক্ষা করেছি, আর প্রথমবার ভারতের নাগরিকত্ব পেয়ে ভোট দিতে এসে আমার দারুণ অভিজ্ঞতা হলো।

এর আগে অক্ষয় কুমারের কানাডার নাগরিকত্ব ছিল। অনেক চেষ্টার পর গত বছর ভারতের নাগরিকত্ব পেয়েছেন। অক্ষয়ের পাশাপাশি মুম্বাইতে সকালে ভোট দিতে দেখা গিয়েছে জাহ্নবী কাপুর, তাব্বু, ফারহান আখতারদের মতো অভিনেতাদের।

প্রসঙ্গত, ২৯ এপ্রিল থেকে শুরু হয়েছে 'জলিএলএলবি ৩' সিনেমার শুটিং। সিনেমার গল্পে মুখোমুখি সংঘর্ষ বাঁধবে দুই জলির মধ্যে। থাকছে বিচারপতি সৌরভ শুক্লার চরিত্রই। সব ঠিকঠাক চললে ২০২৪ সালের শেষের দিকে মুক্তি পাবে এই সিনেমা।

## মা হয়েছেন ইয়ামি গৌতম, দশদিন পর জানালেন স্বামী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী ইয়ামি গৌতম মা হয়েছেন। গত ১০ মে মুম্বাইয়ের সুরিয়া হাসপাতালে পুত্র সন্তানের জন্ম দেন ৩৫ বছর বয়সি এই অভিনেত্রী। ইয়ামি ও পরিচালক আদিত্য ধর দম্পতির এটি প্রথম সন্তান।

সোমবার (২০ মে) আদিত্য ধর ইনস্টাগ্রাম পোস্টে পুত্র সন্তান আগমনের খবরটি জানান। এ তারকা দম্পতি পুত্রের নাম রেখেছেন বেদাবিদ। পাশাপাশি হাসপাতাল কর্তৃপক্ষ ও চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এই পরিচালক। পরে ইয়ামি গৌতমও পোস্টটি নিজের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে শেয়ার করেন।

'উড়ি: দ্য সার্জিক্যাল স্ট্রাইক' সিনেমা পরিচালনা করেন আদিত্য ধর। এ সিনেমার সেটে ইয়ামি ও আদিত্য ধরের প্রেমের সম্পর্কের শুরু। তবে বিয়ের আগে একসঙ্গে জনসম্মুখে হাজির হননি তারা। ২০২১ সালের ৪ জুন গোপনে বিয়ে করেন এই দম্পতি।

২০১০ সালে বলিউড চলচ্চিত্রে পা রাখেন ইয়ামি গৌতম। এরপর বেশ কিছু আলোচিত সিনেমা উপহার দেন। তার অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্র হলো- 'বাদলাপুর', 'কাবিল', 'সরকার থ্রি', প্রভৃতি।

## ভোটকেন্দ্রে দীপিকা, দেখা গেল 'বেবি বাম্প'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মা হতে যাচ্ছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। গত ২৯ ফেব্রুয়ারি ইনস্টাগ্রাম পোস্টে মা হতে যাওয়ার ঘোষণা দেন তিনি। এরপর ক্যামেরার সামনে খুব একটা দেখা যায়নি দীপিকাকে। এবার তাকে দেখা গেলো ভারতের লোকসভা নির্বাচনের ভোট কেন্দ্রে। বেবিবাম্প নিয়ে ভোট প্রদান করলেন অন্তঃসত্ত্বা এই অভিনেত্রী।

ভারতীয় গণমাধ্যম খবর অনুসারে, ২০ মে সকাল থেকে লোকসভা নির্বাচনের পঞ্চম ধাপের ভোটগ্রহণ চলছে। বলিউড তারকারা সকাল থেকেই কেন্দ্রে গিয়ে ভোটাধিকার প্রয়োগ করছেন। ভোট প্রদান করতে গিয়ে ক্যামেরাবন্দি হয়েছেন দীপিকা। এ মুহূর্তের একটি ভিডিও এখন নেট দুনিয়ায় ভাইরাল। তাতে দেখা যায়, গাড়ির দরজা খুলে দিচ্ছেন দীপিকার স্বামী অভিনেতা রণবীর সিং। তাকে ধরে গাড়ি থেকেও নামান তিনি। এরপর রণবীরের হাত ধরে ভোট কেন্দ্রে প্রবেশ করেন দীপিকা। এসময় এ অভিনেত্রীর বেবি বাম্প স্পষ্ট বোঝা যায়।

বছরের প্রথমে দীপিকা তার ইনস্টাগ্রাম পোস্টে মা হতে যাওয়ার ঘোষণা দেন। একই পোস্ট শেয়ার করেন রণবীর সিংও। তারা ক্যাপশনে কিছুই লেখেননি। শুধু ছবি পোস্ট করেন, তাতে দেখা যায় ছোট বাচ্চার জামা-কাপড়, জুতা, খেলনার ছবি। এতে লেখা ছিল- 'সেপ্টেম্বর ২০২৪, দীপিকা-রণবীর।' ধারণা করা হচ্ছে, সবকিছু ঠিক থাকলে আগামী সেপ্টেম্বরে সন্তানের জন্ম দেবেন দীপিকা।

সঞ্জয় লীলা বানসালি পরিচালিত 'রাম-লীলা' সিনেমার শুটিং সেট থেকে শুরু, এরপর বিভিন্ন সময় বলিপাড়ায় রণবীর সিং ও দীপিকা পাড়ুকোনের প্রেম ও বিয়ের গুঞ্জন চাউর হয়। কিন্তু তা অস্বীকার করে আসছিলেন তারা। ২০১৮ সালের নভেম্বরে বিয়ে করেন এই জুটি।

## 'বিশ্বকাপের জন্য আইপিএল ছাড়লে বেতন কাটা উচিৎ'



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** টি-টোয়েন্টি বিশ্বকাপ শুরু হতে সপ্তাহ তিনেকও বাকি নেই। দলগুলোর এখন শেষ মুহূর্তের প্রস্তুতির সময়। এমন সময়ে বিভিন্ন দেশের শীর্ষস্থানীয় ক্রিকেটারদের অনেকে আইপিএলে ব্যস্ত। বিশ্বকাপ প্রস্তুতিতে ঘাটতি থেকে যেতে পারে, এমন শঙ্কায় ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি) ইংলিশ ক্রিকেটারদের আগেভাগে আইপিএল ছাড়তে বলার কথা ভাবছে।

খবরটা শুনে বিরক্ত সুনীল গাভাস্কার। ভারতের কিংবদন্তি ক্রিকেটার বলেছেন, যেসব বোর্ড ও ক্রিকেটার পুরো মৌসুম খেলার প্রতিশ্রুতি দিয়েও আগেভাগে চলে যাবে, তাদের যেন শাস্তি দেয়া হয়। খেলোয়াড়দের ক্ষেত্রে বেতন কেটে রাখা এবং বোর্ডের ক্ষেত্রে বিসিসিআই থেকে প্রাপ্য অর্থ না দেয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

ইংল্যান্ডের টি-টোয়েন্টি বিশ্বকাপের দলে জায়গা পাওয়া খেলোয়াড়দের মধ্যে আটজন এখন আইপিএলে। ইসিবি তাঁদের আইপিএল থেকে চলে যেতে বলবে উল্লেখ করে মিড ডেতে লেখা কলামে গাভাস্কার লিখেছেন, 'এখন পর্যন্ত ইসিবি ছাড়া অন্য কোনো বোর্ডের কথা শুনিনি, যারা বিশ্বকাপের প্রস্তুতি ও বিশ্রামের জন্য খেলোয়াড়দের ডেকে নিতে বলছে। নিলাম হওয়ার আগেই বিসিসিআই সব বোর্ডের সঙ্গে খেলোয়াড়দের পুরো মৌসুম পাওয়া নিয়ে কথা বলেছে। কারণ, আইপিএলের কদিন পরই বিশ্বকাপ শুরু হবে, এটা জানা ছিল। বোর্ডগুলোর নিশ্চয়তার পরই বিসিসিআই ফ্র্যাঞ্চাইজিগুলোকে খেলোয়াড়েরা কত দিন থাকবে, জানিয়েছে।'

এখন বিদেশি খেলোয়াড়েরা আগেভাগে আইপিএল ছেড়ে গেলে ফ্র্যাঞ্চাইজিগুলো ক্ষতিগ্রস্ত হবে, এমন যুক্তিতে খেলোয়াড় ও বোর্ডের আর্থিক জরিমানা করা উচিত বলে মনে করেন গাভাস্কার। একজন খেলোয়াড় তার দেশের হয়ে কয়েক মৌসুমে যা আয় করেন, আইপিএলের এক মৌসুমেই এর চেয়ে বেশি করেন উল্লেখ করে কঠোর ব্যবস্থার সুপারিশ করেছেন খ্যাতিমান এই ধারাভাষ্যকার, 'খেলোয়াড়কে যে টাকা দেয়া হয়, ফ্র্যাঞ্চাইজিকে সেটা থেকে কাটলেই হবে না, বোর্ডকেও খেলোয়াড় বাবদ পাওনা টাকা দেওয়া যাবে না। বোর্ড প্রত্যেক খেলোয়াড়ের জন্য ১০ শতাংশ করে কমিশন পেয়ে থাকে। বোর্ড পুরো মৌসুম খেলার নিশ্চয়তা দিয়ে থাকলে তাদেরও জরিমানা করা দরকার।'

আইপিএল ছাড়া আর কোনো টুর্নামেন্টের জন্য খেলোয়াড়ের বোর্ডকে টাকা দেয়া হয় না জানিয়ে গাভাস্কার যোগ করেন, 'এই ১০ শতাংশ টাকা শুধু আইপিএলই দেয়। অস্ট্রেলিয়ার বিগ ব্যাশ, ইসিবির দ্য হান্ড্রেড, ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগ বা অন্য কোনো টি-টোয়েন্টি লিগই তো দেয় না। এই উদারতার জন্য বিসিসিআই কি কোনো ধন্যবাদ পায়? তা তো নয়।'

উল্লেখ্য, আইপিএল শেষ হবে ২৬ মে, টি-টোয়েন্টি বিশ্বকাপের প্রথম ম্যাচ ১ জুন।

## সুয়ারেজকে নিয়েই কোপার দল ঘোষণা উরুগুয়ের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** নিজেদের ৪৬তম কোপা আমেরিকায় অংশ নিতে এবার যুক্তরাষ্ট্রে পা রাখবে উরুগুয়ে ফুটবল দল। যেখানে দক্ষিণ আমেরিকান দলটির নজর থাকবে তাদের ১৬তম ট্রফির দিকে। যেখানে শিরোপা প্রত্যাশী হিসেবে থাকবে ব্রাজিল-আর্জেন্টিনার মত জায়ান্ট প্রতিপক্ষরা।

২০১১ সালে সর্বশেষ শিরোপা জয়ের পর থেকে আর শেষ চারেই উঠতে পারেনি উরুগুয়ে। যুক্তরাষ্ট্রে হতে যাওয়া এবারের আসরে নিজেদের হারানো আসন ফিরে পেতে প্রাথমিক স্কোয়াড ঘোষণা করেছে দলটি।

দলের তারকার অভাব নেই। অধিনায়ক ফেদে ভালভার্দে রিয়ালের মাঝমাঠের প্রাণভোমরা। পুরো মাঠে দাপিয়ে বেড়ানোর মত দক্ষতা আছে এই মিডফিল্ডারের। রক্ষণে আছেন বার্সেলোনার হয়ে খেলা রোনাল্ড আরাউহো। লুইস সুয়ারেজ ও এডিনসন কাভানির সাথে আছেন ডারউইন নুনেজ। আর ফর্ম বিবেচনায় লুইস সুয়ারেজের অন্তভুক্তি নিঃসন্দেহে আরও শক্ত দল হিসেবে কোপা আমেরিকা মাতাবে উরুগুয়ে।

অভিজ্ঞতা ও তারুণ্যের মিশেলে গড়া এ দল নিয়েই যুক্তরাষ্ট্রে যাবেন উরুগুয়ের কোচ মারসেলো বিয়েলসা। সি গ্রুপে তাদের প্রতিপক্ষ স্বাগতিক যুক্তরাষ্ট্র, পানামা ও বলিভিয়া। জুনের ২৪ ও ২৮ তারিখে পানামা ও বলিভিয়ার মুখোমুখি হওয়ার পর জুলাই ২ তারিখ স্বাগতিকদের বিপক্ষে মাঠে নামবে উরুগুয়ে।

কোপা আমেরিকায় উরুগুয়ের প্রাথমিক স্কোয়াড:

গোলরক্ষক: সার্জিও রোশেট, সান্তিয়াগো মেলে, ফ্রাঙ্কো ইসরায়েল, র‍্যান্ডাল রদ্রিগেজ।

ডিফেন্ডার: হোসে মারিয়া গিমেনেজ, মাতিয়াস ভিনা, রোনাল্ড আরাউহো, মাথিয়াস অলিভেরা, গুইলেরমো ভারেলা, সেবাস্তিয়ান কাকেরেস, ব্রুনো মেন্ডেজ, লুকাস ওলাজা, নিকোলাস মারিচাল

মিডফিল্ডার: ফেদেরিকো ভালভার্দে, রদ্রিগো বেনটানকার, মাতিয়াস ভেকিনো, নাহিতান নানদেজ, জর্জিয়ান আরিসকায়েতা, নিকোলাস দে লা ক্রুজ, ম্যানুয়েল উগার্তে, রদ্রিগো জালাজার, নিকোলাসা ফনসেকা

ফরোয়ার্ড: লুইস সুয়ারেজ, এডিনসন কাভানি, ডারউইন নুনেজ, ব্রায়ান রদ্রিগেজ, ফাকুন্দো তোরেস, ফাকুন্দো পেলিস্ত্রি, অগাস্তিন কানোবিবিও, ফেদেরিকো ভিনাস, ইগনাসিও লাকুইনতানা, লুসিয়ানো রদ্রিগেজ।

## পাকিস্তান সফরের ইচ্ছাপ্রকাশ কোহলির, যা বললেন আফ্রিদি



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** রাজনৈতিক বৈরিতার কারণে প্রায় ১৭ বছর দ্বিপক্ষীয় সিরিজ থেকে বিরত রয়েছে বিশ্ব ক্রিকেটের দুই চিরপ্রতিদ্বন্দ্বী দেশ ভারত-পাকিস্তান। অথচ দুই দলের মুখোমুখি লড়াই দেখতে আগ্রহের কমতি নেই ক্রিকেট ভক্তদের। সম্প্রতি পাকিস্তান সফরের ইচ্ছাপ্রকাশ করেছিলেন বিরাট কোহলি। ভারতীয় ব্যাটিং তারকার আগ্রহের কথা শুনে খুশি হয়েছেন পাকিস্তানের সাবেক অধিনায়ক শহীদ আফ্রিদি। জানালেন, ভারতের হয়ে বা ফ্যাঞ্চাইজি টুর্নামেন্টে খেলার জন্য কোহলিকে আমন্ত্রণ জানাচ্ছি। ২০০৮ সালে সর্বশেষ পাকিস্তান সফর করেছিল ভারত। সেটি ছিল এশিয়া কাপের আসর। আর ২০০৬ সালে সর্বশেষ পাকিস্তানের মাটিতে দ্বিপাক্ষিক সিরিজ খেলেছিল টিম ইন্ডিয়া। এরপর রাজনৈতিক বৈরিতার কারণে আর পাকিস্তান সফরে যায়নি ভারত। সম্প্রতি পাকিস্তানের পর্বতারোহী শেহরাজ কাশিফের সঙ্গে ভিডিও কলে কথা বলার সময় পাকিস্তান সফরের ইচ্ছা জানান কোহলি। ভিডিও কলে কোহলির সঙ্গে সেই কথোপকথন নিজের ইনস্টাগ্রামে প্রকাশ করেন কাশিফ। কাশিফকে উদ্দেশ্য করে কোহলি বলেছিলেন, 'তোমার পরিবারকে আমার শুভেচ্ছা দিও। আশা করি, আমরা শিগগিরই পাকিস্তান সফর করবো। সবাই তো এখন পাকিস্তান সফর করতে শুরু করেছে।'

কোহলির এমন কথায় মুগ্ধ হয়েছেন আফ্রিদি। তিনি বলেন, 'আমি কোহলির কাছ থেকে এমন বক্তব্যই আশা করি। আমি কোহলিকে স্বাগত জানাই। সে পিএসএলে বা ভারত দলের হয়ে এখানে খেলতে আসুক।'

উল্লেখ্য, ২০১৩ সালে ভারতের মাটিতে সর্বশেষ দ্বিপাক্ষীক সিরিজ খেলেছিল পাকিস্তান। গেল বছর ওয়ানডে বিশ্বকাপ খেলতে ভারত সফর করেছিল পাকিস্তান।

## প্রিমিয়ার লিগে সর্বোচ্চ গোলের রেকর্ড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ক্রীড়াঙ্গনে ফুটবল ভক্তদের কাছে প্রিমিয়ার লিগ যেন দৈনন্দিন জীবনের একটি অংশ। আর তাইতো বিশ্বের সবচেয়ে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ঘরোয়া ক্রীড়া আসর ভাবা হয় এই ইংলিশ প্রিমিয়ার লিগকে।

প্রিমিয়ার লিগের এত বেশি জনপ্রিয়তার অবশ্য ভিন্ন একটি কারণও রয়েছে। সেটি হচ্ছে গোলের বন্যা। প্রতিপক্ষের জালে গোল দেওয়াটা যেমন আরেক প্রতিপক্ষের জন্য চ্যালেঞ্জের, ঠিক তেমনই দর্শকদের জন্য রোমাঞ্চকর।

ইংলিশ প্রিমিয়ার লিগে (এপিএল) শেষ রাউন্ডের দশটি ম্যাচই একই সময়ে শুরু হয়। মৌসুমের শেষ ম্যাচ ডে-তে দশ ম্যাচে সবমিলিয়ে গোল হয়েছে ৩৭টি। আর তাতেই হয়েছে গোলের নতুন রেকর্ড।

১৯৯২ সালে প্রিমিয়ার লিগের যাত্রার পর থেকে এবারের মৌসুমেই সবচেয়ে বেশি গোল হয়েছে। সবমিলিয়ে সদ্য সমাপ্ত ইপিএল মৌসুমে ৩৮০ ম্যাচে ১২৪৬টি গোল হয়েছে। ম্যাচ প্রতি তিনটিরও বেশি গোল করেছে দলগুলো।

এর আগে সবচেয়ে গোল ছিল ১২২২টি। এবার সবচেয়ে বেশি ৯৬ গোল করেছে ম্যানচেস্টার সিটি। টানা চতুর্থ লিগ শিরোপা জিতে অনন্য কীর্তি গড়েছে পেপ গার্দিওলার দল। রানার্স আপ আর্সেনাল গোল করেছে ৯১টি।

গোল করার তালিকায় তিনে লিভারপুল। তাদের গোল সংখ্যা ৮৬টি। ৮৫ গোল নিয়ে পরের অবস্থানে নিউক্যাসল ইউনাইটেড। এদিকে সবচেয়ে বেশি ১০৪ গোল হজম করেছেন শেফিল্ড ইউনাইটেড।

## মেসি-ডি মারিয়াকে নিয়ে আর্জেন্টিনার দল ঘোষণা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ইকুয়েডরের বিপক্ষে ১০ জুন ও গুয়েতামালার বিপক্ষে ১৪ জুন প্রীতি ম্যাচ খেলবে বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা। ওই দুই প্রীতি ম্যাচ ও ২১ জুন শুরু হওয়া কোপা আমেরিকার জন্য ২৯ জনের প্রাথমিক দল ঘোষণা করেছেন কোচ লিওনেল স্কালোনি। তার দলে আছেন অভিজ্ঞ লিওনেল মেসি, ডি মারিয়া, নিকোলাস ওটামেন্ডিরা।

দলটির বেশ ক'জন ফুটবলার ইনজুরিতে আছেন। তাদের মধ্যে নাহুয়েল মলিনা, মার্কোস আকুইনা, এনজো ফার্নান্দেজ অন্যতম। তাদের নিয়েই দল ঘোষণা করেছেন আর্জেন্টিনার কোচ। তবে এই প্রাথমিক দল থেকে শেষ পর্যন্ত বাদ পড়বেন তিনজন ফুটবলার। আর্জেন্টিনার গোলবারে প্রথম পছন্দ এমিলিয়ানো মার্টিনেজ। তার সঙ্গে দলে আছেন ফ্রাঙ্কো আরমানি ও জেরোমিনো রুল্লি। তবে আটালান্টায় দারুণ মৌসুম কাটানো হুয়ান মুসো বাদ পড়েছেন। রক্ষণে লিওনার্দো বেলার্ডি জায়গা পেয়েছেন। আছেন তরুণ ভ্যালেন্টিন বার্কো। মিডফিল্ডে গুইদো রদ্রিগেজ, জিওভন্নি লো চেলসো এবং এক্সিকিয়েল প্যালাসিওস জায়গা পেয়েছেন। দলে বড় চমক বলতে হবে ইতালির ক্লাব মোনজায় খেলা ১৯ বছরের তরুণ অ্যাটাকিং মিডফিল্ডার ভ্যালেন্টিন কারবোনিকে।

আর্জেন্টিনার কোপা আমেরিকার দল: গোলরক্ষক: ফ্রাঙ্কো আরমানি, জেরেমিনো রুল্লি, এমিলিয়ানো মার্টিনেজ। ডিফেন্ডার: গঞ্জালো মন্টিয়েল, নাহুয়েল মলিনা, লিওনার্দো বেলার্ডি, ক্রিস্টিয়ানো রোমেরো, জার্মান পেজেল্লা, লুকাস কুয়ার্টা, নিকোলাস ওটামেন্ডি, লিয়ান্দ্রো মার্টিনেজ, মার্কোস অ্যাকুইনা, নিকোলাস ত্যাগলিয়াফিকো, ভ্যালেন্টিন বার্কো। মিডফিল্ডার: গুইদো রদ্রিগেজ, লিয়ান্দ্রো পারদেস, ম্যাক অ্যালিস্টার, রদ্রিগো ডি পল, এক্সিকুয়েল প্যালাসিওস, এনেজো ফার্নান্দেজ, জিওভান্নি লো চেলসো, ভ্যালেন্টিন কারবোনি।

ফরোয়ার্ড: ডি মারিয়া, লিওনেল মেসি, অ্যাঞ্জেল কোরেইরা, আলেজান্দ্রো গার্নাচো, নিকোলাস গঞ্জালেস, লওতারো মার্টিনেজ, হুলিয়ান আলভারেজ।

## আগামী আইপিএলেও খেলবেন ধোনি?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আন্তর্জাতিক ক্রিকেট থেকে এমএস ধোনি অবসর নেওয়ার পর থেকেই চলছে গুঞ্জন। আইপিএল থেকে কবে অবসরে নেবেন ধোনি? কবে শেষ হবে তার ক্রিকেট ক্যারিয়ার? এরপর কী করবেন তিনি? বিশ্বের সবচেয়ে বড় ফ্যাঞ্চাইজি লিগের চলতি আসরেই এসব প্রশ্নের উত্তর পাওয়ার সম্ভাবনা ছিল। কিন্তু সংশ্লিষ্টদের থেকে কিছু ধারণা ছাড়া কিছুই মেলেনি। প্লে অফের দৌড়ে থেকেও ধোনির দল চেন্নাই সুপার কিংস গ্রুপ পর্ব থেকে বিদায় নিয়েছে। ব্যাঙ্গালুরুর সমান পয়েন্ট নিয়েও নেট রান রেটে পিছিয়ে থাকায় শেষ হয়েছে তাদের যাত্রা। কোহলিদের বিপক্ষে ওটাই কি ধোনির শেষ প্রতিযোগিতামূলক ম্যাচ? এই প্রশ্নের কোন উত্তর ম্যাচ শেষে দেননি ধোনি। ফ্যাঞ্চাইজির প্রধান নির্বাহী কাশি বিশ্বনাথ জানিয়েছেন, তারা কিছু জানেন না, 'তিনি আমাদের কিছু বলেননি। ধোনি আসলে এসব বিষয়ে কাউকে কিছু বলেন না, তিনি নিজের মতো করে সিদ্ধান্ত নিয়ে নেন।'

ধোনির ভবিষ্যত সম্পর্কে জানতে তাই তার ঘোষণার জন্যই অপেক্ষা করতে হবে। ওই ঘোষণা কবে আসবে? আগামী আইপিএলের আগে? সংবাদ মাধ্যম জানাচ্ছে, অতদিন অপেক্ষা করতে হবে না। আইপিএলের নিয়ম অনুযায়ী, নিলাম অনুষ্ঠিত হওয়ার আগে আগে কাদের ক্লাবগুলো ধরে রাখছে এবং ছেড়ে দিচ্ছে ওই তালিকা জমা দিতে হয়। চেন্নাই ম্যানেজমেন্ট ওই তালিকা জমা দিলেই ধোনি থাকছেন কিনা জানা যাবে। সেজন্য অপেক্ষা করতে হতে পারে নভেম্বর পর্যন্ত। সাবেক ক্রিকেটার ও বিশ্লেষক ম্যাথু হেইডেন বলছেন এটাই ধোনির শেষ ম্যাচ। আবার ধোনির দীর্ঘদিনের সতীর্থ আম্বাতি রাইডু বলছেন, এটাই ধোনির শেষ নয়। হেইডেন বলেন, 'আমার মনে হচ্ছে, ধোনিকে আমরা শেষবার খেলতে দেখলাম। তবে চেন্নাই শিবিরে শেষবার নয় নিশ্চিত। সে চেন্নাইয়ের মেন্টরের ভূমিকায় না থকালে আমি অবাক হবো।'

রাইডু বলেছেন, 'ধোনি এভাবে শেষ করতে চাননি। তার চোখে মুখে আমি হতাশা দেখেছি। তিনি প্লে অফে কোয়ালিফাই করতে চেয়েছিলেন এবং মাথা উঁচুতে রেখে শেষ করতে চেয়েছিলেন। আপনি ধোনিকে নিয়ে কিছু লিখে দিতে পারবেন না। দেখবেন, হয়তো আগামী মৌসুমে তিনি খেলার জন্য প্রস্তুত।'

সংবাদ মাধ্যমকে চেন্নাইয়ের ভেতরের সূত্র জানিয়েছে, দল নিয়ে মালিক শ্রীনিবাসনের আলাদা পরিকল্পনা আছে। ক্লাবটি পৃষ্ঠপোষকতায় থাকা ইন্ডিয়া সিমেন্টের চুক্তি বাতিল করতে চায়। যে কারণে ধোনিকে ভিন্ন ভূমিকায় দেখা যেতে পারে। সেই ভূমিকা কী হবে সেটা ধোনি এবং শ্রীনিবাস বসেই ঠিক করবেন। এখানে অন্য কারো নাক গলানোর তেমন সুযোগ নেই।

## টানা দ্বিতীয়বারের মত গোল্ডেন বুট জিতলেন হালান্ড



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** টানা চতুর্থবারের মত প্রিমিয়ার লিগ শিরোপা জিতেছে ম্যানচেস্টার সিটি। আর এবারের মৌসুমে সিটির এই শিরোপা জয়ে দারুণ অবদান রেখেছেন আর্লিং হালান্ড। আর সেই ধারাবাহিকতায় চলতি মৌসুমে সর্বোচ্চ ২৭ গোল করে গোল্ডেন বুট জিতেছেন হালান্ড।

নিকটতম প্রতিদ্বন্দ্বী চেলসির কোল পালমারকে পেছনে এই পুরস্কার জিতে নেন তিনি। এ নিয়ে টানা দ্বিতীয়বারের মতো প্রিমিয়ার লিগ ফুটবলে গোল্ডেন বুট জিতেছেন এই ফুটবলার।

সদ্য সমাপ্ত প্রিমিয়ার লিগ মৌসুমে ২২ গোল করেছেন ব্লুজদের তরুণ তুর্কি পালমার। সেই হিসেবে তার থেকে ৫ গোল বেশি করেছেন হালান্ড।

গতকাল মৌসুমের শেষ ম্যাচে ওয়েস্টহ্যাম ইউনাইটেডকে হারিয়ে টানা চতুর্থবারের মতো প্রিমিয়ার লিগের শিরোপা নিশ্চিত করেছে ম্যানচেস্টার সিটি। অপরদিকে এভারটনের বিপক্ষে জয় পেলেও তা কোনো কাজে আসেনি আর্সেনালের। তাদের থেকে ২ পয়েন্ট বেশি নিয়ে শিরোপা ঘরে তুলেছে পেপ গার্দিওলার শিষ্যরা।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR